245396 - তার সামনে যে চাকুরীটি করার সুযোগ আছে সেটা হচ্ছে বিল্ডিং কনস্ট্রাকশন; কিন্তু তাকে জুমার নামাযে যেতে দেওয়া হবে না; এমতাবস্থায় কী করণীয়

প্রশ্ন

প্রশ্ন: জনকৈ ব্যক্তি পাশ্চাত্যে থাকে। তার সামনে যে চাকুরীটি করার সুযোগ আছে সেটা হচ্ছে- বিল্ডিং নির্মাণ। কিন্তু সুপারভাইজার তাকে জুমার নামাযে যাওয়ার অনুমতি দিবে না। এমতাবস্থায় সে কী করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি বাস্তব অবস্থা এমনই হয় যেমনটি আপনি উল্লেখ করেছেন যে, বিল্ডিং নির্মাণের কাজে ফিতনা নেই তাহলে আমরা আপনাকে এ কাজ করারই পরামর্শ দিব। আপনি মালিকের কাছ থেকে আপনার জন্য ও অন্য মুসলমানদের জন্য – যদি থাকে- জুমার নামাযে যেতে দিতে অনুমতি চাইবেন। যদি অনুমতি দিয়ে তাহলে ভাল। আর যদি না দিয়ে তাহলে আপনি তাকে জানাবেন যে, তার কাজের যে সময়টা নষ্ট হবে সেটার বদলে আপনি ওভারটাইম কাজ করে দিবেন। আমরা আশা করছি, এতে সে নিষেধ করবে না। আল্লাহ্‌র কাছে দোয়া করতে থাকুন, যেন তিনি বিষয়টি আপনার জন্য সহজ করে দেন।

যদি এরপরও অনুমতি না দিয়ে তাহলে – ইনশাআল্লাহ্- আপনি এ চাকুরী চালিয়ে গেলেও কোন গুনাহ হবে না। জুমার নামায না পড়তে পারার ক্ষেত্রে আপনার ওজর গ্রহণযোগ্য। তবে, জুমার নামাযে যাওয়ার জন্য চেষ্টা চালিয়ে যেতে হবে যদি কোন সুযোগ তৈরী হয়।

জুমার নামায না পড়ার ক্ষেত্রে কাদের ওজর গ্রহণযোগ্য ফকিহবদিগণ তাদের কথা উল্লেখ করেছেন: যে ব্যক্তি তার নিজের জান কিংবা মাল কিংবা সে যে জীবিকার মুখাপেক্ষী সে জীবিকা নষ্ট হয়ে যাওয়ার আশংকা করে।

মুরাদি বলেন: যে ওজরের কারণে জামাতে নামায ও জুমার নামায বর্জন করা যায়: যে ব্যক্তি এমন কোন জীবিকা নষ্ট হওয়ার আশংকা করে যেটা তার প্রয়োজন কিংবা সম্পদ নষ্ট হয়ে যাওয়ার আশংকা করে যা সংরক্ষণের জন্য তাকে নিযুক্ত করা হয়েছে যেমন কোন বাগান বা এ জাতীয় কিছুর প্রহরী। [আল-ইনসাফ (১/৩০১) থেকে সমাপ্ত]

কাশশাফুল ক্বিনা গ্রন্থে(১/৪৯৫) বলেন: জুমার নামায ও জামাতে নামায বর্জনের ক্ষেত্রে যাদের ওজর গ্রহণযোগ্য: যে ব্যক্তি পায়খানা-পেশাব আটকিয়ে রেখেছে। কিংবা সম্পদ নষ্ট হওয়ার ভয়ে ভীত। কিংবা জীবিকা নষ্ট হওয়ার ভয়ে ভীত।

কংিবা তার জমনিে বা বাগানে পানি দচি্ছে; যদি রখেে চলে যায় তাহলে নষ্ট হয়ে যাবে। কংিবা তাকে কোন কছিু সংরক্ষণ করার দায়ত্বি দয়ো হয়ছে,ে সে চলে গলেে যা নষ্ট হয়ে যাব,ে যমেন- বাগানরে প্রহরী ইত্যাদি। কনেনা এসবরে ফলে যে ক্ষতি হয় সটো বৃষ্টরি পানতিে কাপড় ভজিে যাওয়ার চয়েে বড় ক্ষতি। বৃষ্টরি পানতিে কাপড় ভজিে যাওয়া (জুমা ও জামাত বর্জনরে ক্ষত্রে) সর্বসম্মত ওজর।”[সমাপ্ত]

আমরা আল্লাহ্র কাছে প্রার্থনা করছি তনিি যনে, আপনাকে নজি অনুগ্রহে রযিকি দান করনে এবং হারামরে পরবির্তে হালাল দয়িে রযিকি দনে।

আল্লাহ্ই ভাল জাননে